# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২১৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক বাহ্যত বিপরীত আমল করা প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ اسْتِعْمَالِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْفِعْلَ الْمُضَادَّ لَهُ فِي الظَّاهِرِ

আরবী

2217 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَيُّوبَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ:
سَأَلْتُ بِلَالًا: أَيْنَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ دَخَلَ الْكَعْبَةَ؟ قَالَ: بَيْنَ الْعَمُودَيْنِ الْمُتَقَدِّمَيْنِ قَالَ: وَنَسِيتُ أَنْ أَسْأَلَهُ كَمْ صَلَّى
الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2217 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1764 و 1765) , ((صفة الصلاة)).
قَالَ أَبُو حَاتِمٍ: هَذَا الْفِعْلُ يُنهى عَنْهُ بَيْنَ السَّوَارِي جَمَاعَةً وَأَمَّا اسْتِعْمَالُ الْمَرْءِ مِثْلَهُ منفردا فجائز.

বাংলা

২২১৭. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করলাম, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা‘বায় প্রবেশ করার পর কোথায় সালাত আদায় করেছেন?” জবাবে তিনি বলেন, “সামনের দুই খুঁটির মাঝে।” রাবী বলেন, “আমি তাকে প্রশ্ন করতে ভুলে যাই যে, তিনি কত রাকা‘আত সালাত আদায় করেছেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এভাবে সালাত আদায় করা নিষেধ, যখন খুটির মাঝে জামা‘আতে আদায় করা হবে। কিন্তু খুঁটির মাঝে কোন ব্যক্তি একাকী সালাত আদায় করা জায়েয।”

## ফুটনোট

[1] হুমাইদী: ৬৯২; সহীহ মুসলিম: ১৩২৯; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৫৪; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৬৫; সহীহ আল বুখারী: ৫০৫; আবূ দাঊদ: ২০২৩; নাসাঈ: ২/৬৩; সুনান বাইহাকী: ২/৩২৬; আত তায়ালিসী: ১৮৪৯; মুসনাদ আহমাদ: ২/৩৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৭৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91535

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন